APR. 20 2002

ভোরের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

## পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

# নির্যাতনের পর ছাত্রাবাসে ২৫ দিন ধরে অবরুদ্ধ ছাত্রলীগ কর্মী কোয়েল!

পটুয়াখালী প্রতিনিধি : অমানুষিক নির্যাতনের পর এক ছাত্রলীগ কর্মীকে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ২৫ দিন ধরে অবরুদ্ধ করে রাখা হয়েছে। এক রকম পঙ্গু হয়ে যাওয়া ঐ ছাত্রলীগ কর্মী এখনো ক্র্যাচে ভর করে ছাত্রবাসে চলাফেরা করছে এবং তাকে বাইরে যেতে দেওয়া হচ্ছে না বলে অভিযোগ পাওয়া গেছে।

জানা যায়, গত ২৪ মার্চ রাতে ছাত্র নামধারী একদল সন্ত্রাসী আমানুষিক নির্যাতন করে বিশ্ববিদ্যালয়ের ৪র্থ পর্বের ছাত্র কোয়েলের বাম পা ভেঙে দেয়। পর দিন বরিশাল শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে তাকে চিকিৎসা দেওয়া হয় ক্যাডার প্রহরায়। সেখানে আত্মীয়স্বজনের সঙ্গেও তাকে দেখা করতে দেওয়া হয়নি। বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক ও কর্মচারীদের সূত্রে জানা যায়, ২ দিন পর ব্যান্ডেজ পরা অবস্থায় তাকে ক্যাম্পাসে নিয়ে এসে জিয়া হলে অবরুদ্ধ করে রাখা হয়। গত ২ এপ্রিল তাকে ক্র্যাচে ভর করে পরীক্ষার হলে যেতে দেওয়া হয় ক্যাডার প্রহরায়। এখনো সে ক্র্যাচে ভর করেই হলে চলা ফেরা করে। তবে বাইরে যেতে দেওয়া হয় না। গত জাতীয় সংসদ নির্বাচনের পর একাধিক নির্যাতনের ঘটনায় ক্যাম্পাস ছাত্রলীগশূন্য হয়ে পড়ায় কেউ এ ব্যাপারে প্রতিবাদও করছে না।



এ ব্যাপারে জিয়া হলের প্রভোস্ট ড. আব্বাস আলী জানান, রাজনৈতিক পটপরিবর্তনের পর নির্যাতনের কিছু ঘটনা ঘটলেও কেউ কেউ সেগুলোকে অতিরঞ্জিত করে বলছেন। তবে হলের হাউস টিউটর জহিরুল হক কয়েক দিন আগে হলে বসে ২ জন অসুস্থ ছাত্রের পরীক্ষা নিয়েছেন বলে তিনি স্বীকার করেন। এ ব্যাপারে আলাপ করার জন্য জহিরুল হককে খুঁজে পাওয়া যায়নি।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক (দুমকী কৃষি কলেজ নাম থাকাকালে অধ্যক্ষ) ড. হারুন এ ব্যাপারে উপাচার্যের সঙ্গে যোগাযোগ করার পরামর্শ দিলেও টেলিফোন করে তাকে পাওয়া যায়নি।

এদিকে দুমকী থানা পুলিশ জানায়, পত্রিকায় কোয়েলের নির্যাতনের সংবাদ দেখে ক্যাম্পাসে গেলে কোয়েল লিখিতভাবে ঐ সংবাদের প্রতিবাদ করে তাদেরকে বলেছে, সে মোটর সাইকেল দুর্ঘটনায় আহত হয়েছে। তাকে কেউ মারধর করেনি বা আটকও করেনি। সে নিয়মিত ক্যাম্পাসের বাইরে যেতে পারে।

অথচ ঐ লিখিত বিবৃতিদানের পরও কোয়েলকে ক্যাম্পাসের বাইরে দেখা যায়নি।

ধারণা করা হচ্ছে, ক্যাডারদের চাপের মুখেই তিনি ঐ বিবৃতি দিয়েছেন। তাছাড়া ইতিপূর্বে তিনি সাংবাদিকদের কাছে এই বলে চিঠি দিয়েছেন, 'আমাকে বাঁচান। ওরা আমাকে আটকে রেখেছে।